**একই স্মারক নম্বর ও তারিখে প্রতিস্থাপিত**

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
যুব ও ক্রীড়া মন্ত্রণালয়
প্রশাসন-০১ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
www.moysports.gov.bd

বিষয়: যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের অভিযোগ প্রতিকার ব্যবস্থাপনা বিষয়ে স্টেকহোল্ডারগণের সমন্বয়ে অবহিতকরণ বিষয়ে ২৬/০৮/২০২১ খ্রি. তারিখে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী।

সভাপতি : জনাব রাশেদা জামান
যুগ্মসচিব (প্রশাসন) ও ফোকাল পয়েন্ট কর্মকর্তা
যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, ঢাকা।
তারিখ : ২৬ আগস্ট ২০২১ খ্রি.
সময় : বেলা ১২:০০ টা
স্থান : মন্ত্রণালয়ের সম্মেলন কক্ষ (কক্ষ নং-৫০২, ভবন নং-৭)।
উপস্থিতি : পরিশিষ্ট ক।

সভাপতি সভার প্রারম্ভে উপস্থিত স্টেকহোল্ডারগণসহ সকল সদস্যকে স্বাগত জানান। অতঃপর আলোচ্যসূচি মোতাবেক সভার কাজ শুরু করার জন্য যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের অভিযোগ প্রতিকার ব্যবস্থা সংক্রান্ত বিকল্প ফোকাল পয়েন্ট কর্মকর্তা-কে অনুরোধ করেন। বিকল্প ফোকাল পয়েন্ট কর্মকর্তা যুব ও ক্রীড়া মন্ত্রণালয় কর্তৃক প্রণীত সেবা প্রদান প্রতিশ্রুতিতে বর্ণিত সেবাসমূহ এবং প্রতিশ্রুতি বহির্ভূত অন্য কোনো বিষয়ে স্টেকহোল্ডারগণের কোনো অভিযোগ ও পরামর্শ রয়েছে কিনা সে বিষয়ে পর্যায়ক্রমে উপস্থিত সকল স্টেকহোল্ডারদেরকে মতামত প্রদানের জন্য অনুরোধ করেন।

এ মন্ত্রণালয়ের আওতাধীন স্টেকহোল্ডার হিসেবে শেখ হাসিনা জাতীয় যুব উন্নয়ন ইনস্টিটিউট এর পরিচালক জনাব মোঃ মিজানুর রহমান, জাতীয় ক্রীড়া পরিষদের উপপরিচালক জনাব মোঃ আবুল হোসেন হাওলাদার, ক্রীড়া পরিদপ্তরের সহকারী পরিচালক জনাব মোঃ তারিকউজ্জামান, বিকেএসপির সহকারী পরিচালক জনাব মোঃ ওসমান গণি এবং বঙ্গবন্ধু ক্রীড়াসেবী কল্যাণ ফাউন্ডেশনের নির্বাহী কর্মকর্তা জনাব মোঃ সাইফুল ইসলামসহ প্রত্যেকেই জানান যে, তারা এ মন্ত্রণালয় থেকে প্রত্যাশিত সেবা নির্ধারিত সময়ের মধ্যে পেয়ে থাকেন এবং যুব ও ক্রীড়া মন্ত্রণালয় কর্তৃক সেবা প্রদান কার্যক্রমের বিষয়ে তাদের কোনো অভিযোগ নেই এবং নূতন কোন মতামত ও পরামর্শ নেই।

০২। যুব ও ক্রীড়া মন্ত্রণালয় এবং এর আওতাধীন দপ্তর/সংস্থাসমূহের অভিযোগ প্রতিকার ব্যবস্থা (GRS) বিষয়ে বিস্তারিত আলোচনান্তে সভায় নিম্নরূপ সিদ্ধান্তসমূহ গৃহীত হয়:

(ক) মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক প্রণীত অভিযোগ প্রতিকার ব্যবস্থা সংক্রান্ত নির্দেশিকা-২০১৫ (পরিমার্জিত-২০১৮) অনুযায়ী সংশ্লিষ্ট দপ্তর/সংস্থার অভিযোগ নিষ্পত্তিকারী কর্মকর্তা (অনিক) এবং আপীল কর্মকর্তা অনলাইন/অফলাইনে প্রাপ্ত অভিযোগসমূহ নির্ধারিত সময়ের মধ্যে নিষ্পত্তির প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন।

(খ) অনলাইন/অফলাইনে প্রাপ্ত অভিযোগসমূহ নিষ্পত্তি করা হয়েছে কিনা সে বিষয়ে প্রতি মাসের তথ্য পরবর্তী মাসের প্রথম সপ্তাহে সংশ্লিষ্ট দপ্তর/সংস্থা এ মন্ত্রণালয়ের প্রশাসন-০১ শাখায় প্রেরণ নিশ্চিত করবেন।

(গ) যুব ও ক্রীড়া মন্ত্রণালয় এবং আওতাধীন দপ্তর/সংস্থার প্রতিটি অফিসে দৃশ্যমান স্থানে অভিযোগ বক্স স্থাপন নিশ্চিত করতে হবে।

(ঘ) সংশ্লিষ্ট দপ্তর/সংস্থা স্ব-স্ব ওয়েবসাইটে প্রতি ত্রৈমাসিকভিত্তিতে অভিযোগ নিষ্পত্তি কর্মকর্তা (অনিক) ও আপীল কর্মকর্তা নিয়োগের তথ্য হালনাগাদকরণের লক্ষ্যে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন।

চলমান পাতা/০২

(ঙ) সংশ্লিষ্ট দপ্তর/সংস্থার অভিযোগ নিষ্পত্তি কর্মকর্তা (অনিক) এবং আপীল কর্মকর্তা অভিযোগ প্রতিকার ব্যবস্থাপনা সংক্রান্ত কার্যক্রম ত্রৈমাসিকভিত্তিতে পরিবীক্ষণ করবেন এবং পরিবীক্ষণকৃত প্রতিবেদন এ মন্ত্রণালয়ের প্রশাসন-০১ শাখায় প্রেরণ করবেন।

(চ) অভিযোগ প্রতিকার ব্যবস্থা বিষয়ে সংশ্লিষ্ট দপ্তর/সংস্থা GRS সফটওয়্যার বিষয়ে প্রশিক্ষণের আয়োজন করবেন এবং প্রশিক্ষণের অফিস আদেশ, আলোচ্যসূচি, প্রশিক্ষণার্থীদের তালিকা, উপস্থিতি/হাজিরা প্রমাণক হিসেবে এ মন্ত্রণালয়ের প্রশাসন-০১ শাখায় প্রেরণ করবেন।

০৩। পরিশেষে সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকল সদস্যকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

স্বাক্ষরিত/-
২৬/০৮/২০২১
(রাশেদা জামান)
যুগ্মসচিব (প্রশাসন)
ও
অভিযোগ প্রতিকার ব্যবস্থা সংক্রান্ত ফোকাল পয়েন্ট
কর্মকর্তা
যুব ও ক্রীড়া মন্ত্রণালয়

নং-৩৪.০০.০০০০.০৪১.১৬.০১৮.১৭.২১০৬

তারিখ: ১৪ ভাদ্র ১৪২৮ বঙ্গাব্দ
২৯ আগস্ট ২০২১ খ্রিস্টাব্দ

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো(জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. সচিব, সমন্বয় ও সংস্কার, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
(দৃ:আ: উপসচিব, সুশাসন ও অভিযোগ ব্যবস্থাপনা অধিশাখা)
২. অতিরিক্ত সচিব (সকল), যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩. মহাপরিচালক, যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা।
৪. মহাপরিচালক, শেখ হাসিনা জাতীয় যুব উন্নয়ন ইনস্টিটিউট, সাভার, ঢাকা।
৫. পরিচালক, ক্রীড়া পরিদপ্তর, ঢাকা।
৬. সচিব, জাতীয় ক্রীড়া পরিষদ, ঢাকা।
৭. সচিব, বঙ্গবন্ধু ক্রীড়াসেবী কল্যাণ ফাউন্ডেশন, ঢাকা।
৮. মহাপরিচালক, বিকেএসপি, সাভার, ঢাকা।
৯. যুগ্মসচিব (সকল), যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১০. উপসচিব (সকল), যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১১. মাননীয় প্রতিমন্ত্রীর একান্ত সচিব, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১২. সিনিয়র সচিবের একান্ত সচিব, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১৩. চিফ একাউন্টস্ এন্ড ফিন্যান্স অফিসার, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, সেগুনবাগিচা, ঢাকা।
১৪. সিনিয়র সহকারী সচিব/সহকারী সচিব (সকল), যুব ও ক্রীড়া মন্ত্রণালয়,বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১৫. হিসাবরক্ষণ কর্মকর্তা, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১৬. সহকারী প্রোগ্রামার, আইটিসেল, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
(ওয়েবসাইটে প্রকাশ এবং অভিযোগ প্রতিকার ব্যবস্থা সংক্রান্ত সেবাবক্সে আপলোড করার অনুরোধসহ)

02/09/2021
(সেলিনা আক্তার)
সহকারী সচিব
ফোন: ৯৫৭৫৫০৫